

## ভবিষ্যতে শিক্ষার্থীদের ভ্যাট দিতে হতে পারে

অর্থমন্ত্রী

### ■ সমকাল প্রতিবেদক

চলতি বছর বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ভ্যাট দিতে হবে না। কেননা ইতিমধ্যে তাদের টিউশন ফি ধার্য করা হয়ে গেছে। তবে ভবিষ্যতে তাদের ভ্যাট দিতে হতে পারে। গতকাল শুক্রবার সন্ধ্যায় রাজধানীর হোটেল সোনারগাঁয়ে ইংরেজি দৈনিক ডেইলি স্টার আয়োজিত বাংলাদেশ বিজনেস অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানে সংবাদিকদের পৃষ্ঠা ১৩ : কলাম ৪

## ভবিষ্যতে শিক্ষার্থীদের ভ্যাট

[প্রথম পৃষ্ঠার পর]

প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এ কথা জানান। তিনি বলেন, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ টিউশন ফি ধার্যের ক্ষেত্রে শিক্ষার্থীদের কাছ থেকে ভ্যাট আদায় করতে পারে। বিষয়টি নির্ভর করবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ওপর। বেসরকারি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ভ্যাট পরিশোধ করতে হবে' এনবিআরের এ ব্যাখ্যার বিষয়ে অর্থমন্ত্রী বলেন, 'এ বছর বিশ্ববিদ্যালয়গুলো নিজেরাই ভ্যাট পরিশোধ করবে। এ বিষয়ে তাদের সঙ্গে সমঝোতা হয়েছে। তবে ভবিষ্যতে বিশ্ববিদ্যালয়গুলো হিসাব করে শিক্ষার্থীদের কাছ থেকে ভ্যাট আদায় করতে পারে। এ সময় শিক্ষার্থীদের আন্দোলনের যৌক্তিকতা নেই, বন্ধে-মস্তব্য করেন অর্থমন্ত্রী। ভ্যাট আদায় করা হয় মূল্য সংযোজনের ভিত্তিতে। বিশ্ববিদ্যালয়ে শিক্ষার ওপরে মূল্য সংযোজন হয় কি-না জানতে চাইলে মুহিত বলেন, অবশ্যই হয়। এখানে উচ্চমাত্রায় মূল্য সংযোজন হয়। তবে অন্য সেবা খাতে ১৫ শতাংশ ভ্যাট ধার্য করা হলেও এখানে তার অর্ধেক আরোপ করা হয়েছে।